10000रु. भारतीय गैर न्यायिक Rs.10000

10000 रु. Rs.10000

10000रु.Rs.10000 दस हज़ार रुपये

10000रु.Rs.10000 RUPEES TEN THOUSAND

10000 रु. सत्यमेव जयते Rs.10000

भारत INDIA

INDIA NON JUDICIAL

02AA 952750

Admissible under Regn. Rule 21 and also u/s 5(1) of the West Bengal L R Act 1996 duly Stamped Exempted from Stamp duty) under Indian Stamp Act 1899 as amended in 1964

Schedule A No 2344

Process Fee 4.50

Paid on C.S.S.

থানা-সোনারপুর,
মৌজা-রামচন্দ্রপুর,
মূল্য-২,৩৪,৭০০ টাকামূল্যের
বিক্রয় কোবালা ।।
পরিমান-৩ কাঠা ১৪ ছটাক
২৬ বর্গফুট ।।

---

District Sub-Registrar IV Alipur, 24-Parganas and Registrar u/s 7(1) of the Regn. Act, 1908

কোবালা গ্রহিতা:-শ্রী গৌতম গাঙ্গুলী, পিতা শ্রী শীতল চন্দ্র গাঙ্গুলী,
***************

জাতি-হিন্দু, পেশা-চাকুরী, সাং-২১১ নং বোড়াল
মেইন রোড, ব্লক উষা পল্লী-১৫, পো:-গড়িয়া,
কোলকাতা-৭০০০ ৮৪ ।।

**********************************************

1000Rs.

INDIA NON JUDICIAL

१000रू.

Rs 1000

सत्यमेव जयते

भारत

एक हजार रूपये ONE THOUSAND RUPEES



আলপনা ভুইয়া

কোবালা দাত্রী:-শ্রীমতী আলপনা ভূইয়া, স্বামী শ্রী তপন ভুইয়া,
**************

জাতি-হিন্দু, পেশা-গৃহস্থালী, সাং-খুকুড়দা, পো:ঘাটাল,

থানা-ঘাটাল, জেলা-মেদিনীপুর ।।

কস্য হাল ৪ নং বিধিমতে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের খেরাজী জমি জমা যায় যাবতীয় চলাচলের সর্ববিধ ব্যবহারিক ইজমেন্ট রাইট স্বত্বাদি সহ অত্র নি:স্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে :-

500Rs.






জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও এ্যা:ডি: সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর, পরগনা-মেদনমল্ল, মৌজা-রামচন্দ্রপুর গ্রামে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের হাল ৮৭ নং খতিয়ান হইতে খন্ড হাল ১৪৭ নং খতিয়ান ভুক্ত রিভিসন্যাল জরিপে ৭৭১ নং দাগে ডাঙ্গা ৫২ শতক জমির মধ্যে অত্র সহ নকসায় লাল রং দ্বারা সীমা চিহ্নিত ( ই ) মার্কা প্লটের ৩ কাঠা ১৪ ছটাক ২৬ বর্গফুট জমি জমা যায় ১৬ ফুট প্রশস্থ কমন প্যাসেজের ইজমেন্ট রাইট স্বত্বাদি সহ অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে ।

100Rs.






উক্ত জমি জমা রায় দুলাল পুরকাইত মহাশয় যৌথ পরিবারে থাকা কালিন গত ইং ২৫।৭।৫৮ তারিখে বারুইপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং ১, ভলুম নং ৫৯, পাতা ২৬৭ হইতে ২৬৮ নং পাতায় শুদ্ধ ভাবে নকল হইয়া ৬১৮৫ নং কোবালা মূলে নিজ নামে খরিদ করিয়া খাসে ভোগ দখলীকার থাকাকালীন উক্ত রায় দুলাল পুরকাইত মহাশয় তাহার উপরোক্ত খরিদা সম্পত্তি আপোষে স্বয়ং ও তিন ভ্রাতার অনুকূলে সম্পত্তির দখল ছাড়িয়া দেন। সেইমতে নিম্ন তপশীল বর্ণিত ভূমি উক্ত শ্রী রায় দুলাল পুরকাইত, শ্রী শশীভূষন পুরকাইত ,শ্রী সয়ম্বর পুরকাইত, শ্রী চুনিলাল পুরকাইত, চার ভ্রাতা

100Rs.






প্রত্যেকে চার আনা অংশ প্রাপ্ত হইয়া থাকে ভোগদখলীকার থাকাবস্থায় উহাদের প্রত্যেকের স্ব-স্ব নাম বরাবর মালিক সরকারের নথীপত্রে শুদ্ধ ভাবে রেকর্ড করাইয়া ভোগ দখলীকার থাকাবস্থায় রাম দুলাল পুরকাইত মহাশয় পরলোক গমন করিলে মৃত্যু কালে তিনি দুই কন্যা শ্রীমতী সুন্দরী বালা মন্ডল, স্বামী মৃত রমেন চন্দ্র মন্ডল ও শ্রীমতী কাজলা বালা মন্ডল, স্বামী মৃত মিহির চন্দ্র মন্ডলদ্বয়কে ওয়ারিশ বিদ্যমান রাখিয়া যায় ও উক্ত শশীভূষন পুরকাইত তিন কন্যা যথাক্রমে শ্রীমতী লীলা রানী ঢালী, স্বামী শ্রী প্রফুল্ল ঢালী, শ্রীমতী তরুবালা মন্ডল ও আঙ্গুর বালা হালদার দিগকে ওয়ারিশ

100Rs.

INDIA NON JUDICIAL

१00रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



বিদ্যমান রাখিয়া পরলোক গমন করেন ।

প্রকাশ থাকে যে, উক্ত শ্রীমতী লীলা রানী ঢালী, শ্রীমতী তরুবালা মন্ডল ও আঙ্গুর বালা হালদার মৃত পিতার সম্পত্তি প্রত্যেকে তুল্যাংশে ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া এজমালে ভোগদখল কালীন উক্ত আঙ্গুর বালা হালদার অবিবাহিত অবস্থায় পরলোক গমন করিলে উক্ত লীলা রানী ঢালী ও তরুবালা মন্ডল মহাশয়াদ্বয় উক্ত মৃত ভগ্নির অংশ ওয়ারিশ সূত্রে তুল্যাংশে প্রাপ্ত হইয়া থাসে ভোগদখলীকার থাকাবস্থায় উক্ত তরুবালা মন্ডল মহাশয়া চার পুত্র যথাক্রমে শ্রী বাবলু মন্ডল, শ্রী দেবী মন্ডল, শ্রী শিবু মন্ডল, শ্রী লালু মন্ডল ও

এক কন্যা শ্রীমতী অপর্না সিং দিগকে ওয়ারিশ বিদ্যমান রাখিয়া পরলোক গমন করেন । এবং উক্ত তরু বালা মন্ডলের সম্পত্তি উক্ত চার পুত্র ও এক কন্যা ওয়ারিশান সুত্রে তুল্যাংশে প্রাপ্ত হইয়া এজমালে মালিক বিধায় ভোগ দখলীকার থাকেন ।

প্রকাশ থাকে যে, উক্ত চুনি লাল পুরকাইত নিজ সম্পত্তি ভোগ দখলীকার থাকাকালীন তিনি তিন কন্যা যথাক্রমে শ্রীমতী চারু বালা পুরকাইত, স্বামী মৃত চুনি লাল পুরকাইত, শ্রীমতী পাঁচু বালা মন্ডল, স্বামী শ্রী কলাই চন্দ্র মন্ডল ও শ্রীমতী কানন বালা নস্কর মহাশয়াদিগকে ওয়ারিশ বিদ্যমান রাখিয়া পরলোক গমন করেন ।

প্রকাশ থাকে যে, উক্ত কানন বালা নস্কর মৃত পিতার সম্পত্তি তুল্যাংশে প্রাপ্ত হইয়া নিজ অংশে স্বত্ব, ভোগদখল থাকাবস্থায় তিনি দুই কন্যা যথাক্রমে শ্রীমতী আল্পনা নস্কর ও শ্রীমতী কল্পনা মন্ডল মহাশয়াদ্বয়কে ওয়ারিশ বিদ্যমান রাখিয়া পরলোক গমন করেন এবং উক্ত ময়ুর পুরকাইত তাহার অংশ মোতাবেক চার আনা অংশের অবিভক্ত সম্পত্তি পূর্বে শ্রী সমীর ঘোষ মহাশয়কে মোট সম্পত্তির উত্তরাংশ হইতে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি হইতে দখল ও স্বত্বচ্যুত হয়েন ।

অর্পনা ভুঁইয়া



প্রকাশ থাকে যে, উক্ত রূপে উক্ত শ্রীমতী সুন্দরী বালা মন্ডল, শ্রীমতী কাজলা বালা মন্ডল, শ্রীমতী লীলা রানী ঢালী, শ্রী বাবলু মন্ডল শ্রী দেবী মন্ডল, শ্রী শিবু মন্ডল, শ্রী লালু মন্ডল, শ্রীমতী অপর্না সিং, শ্রীমতী চারু বালা পুরকাইত, শ্রীমতী পাঁচু বালা মন্ডল, শ্রীমতী আলপনা নস্কর ও শ্রীমতী কল্পনা মন্ডল দিগর নিম্ন তপশীল বর্ণিত জমি জমা পিতার ও মাতার ওয়ারিশন সূত্রে নিজ নিজ পরিমিত অংশ প্রাপ্ত হইয়া মালিক বিধায় এজমালে খাসে ভোগবান দখলীকার থাকাকালিন নানাবিধ বৈধ কারনে নগদ অর্থের প্রয়োজন বিধায় নিম্ন তপশীল বর্ণিত কমবেশী ৩ কাঠা ১৪ ছটাক ২৬ বর্গফুট জমি বিক্রয় করিবার মহরত ঘোষনা করিলে বিগত ইং ১৬।১১।৯৫ তারিখে সোনারপুর এ্যা: ডি: এস, আর, অফিসে রেজিষ্ট্রীকৃত বুক নং ১, ভল্যুম নং ১০০, পাতা ৫৩ হইতে ৬২ নং পাতায় শুদ্ধ ভাবে নকল হইয়া ৬৫০৪ নং সাফ খরিদা বিক্রয় কোবালা মূলে মেদিনীপুর জেলার ঘাটাল থানার অন্তর্গত খুকুড়দা সাকিনের শ্রীমতী আলপনা ভুইয়া অর্থাৎ অত্র বিক্রয় কোবালায় কোবালা দাত্রী নিজ নাম বরাবর খরিদ করত: স্বত্ববতী ও দখলকারিনী হয়েন।

প্রকাশ থাকে যে, উক্ত শ্রীমতী আলপনা ভূইয়া অত্র বিক্রয় কোবালা দাত্রী উক্ত রূপে উক্ত সম্পত্তি যাহা নিম্ন তপশীলে লাল সীমারেখা পরিবেষ্টিত ও বিশেষ রূপে বর্ণিত সম্পূর্ন নির্দোষ ও নির্দায় অবস্থায় খরিদা কালাবধি তাহাতে খাস সূত্রে সর্বত্র নিজ নাম পত্তন করত: এবং মালিক সরকারে খাজনাদি দিয়া

উক্ত সম্পত্তি যদৃচ্ছামতে ভোগ ও ব্যবহার করিয়া থাকাকালিন সাংসারিক বৈধ ব্যয় নির্বাহ ও নানাবিধ বৈধ কারনে নগদ অর্থের বিশেষ আবশ্যক বিধায় উক্ত ৩ কাঠা ১৪ ছটাক ২৬ বর্গফুট ডাঙ্গা জমি নিম্ন তপশীলে বিশেষ রুপে বর্ণিত বর্তমান বাজার যাচাই পূর্বক সর্বোচ্চ মবলগে ২,৩৪,৭০০.০০ দুই লক্ষ চৌত্রিশ হাজার সাতশত টাকা পন মূল্যে বিক্রয় করিবার সহরত ঘোষনা করিলে এবং আপনি অত্র কোবালায় কোবালা গ্রহিতা উক্ত পন মূল্যে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি খরিদ করিতে স্বীকৃত হইয়া নগদে ২,৩৪,৭০০,০০ দুই লক্ষ চৌত্রিশ হাজার সাতশত টাকা প্রদান করায় আমি অত্র কোবালা দাত্রী উক্ত টাকা গ্রহন করিয়া ও উক্ত টাকার প্রাপ্তি স্বীকার করত: নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আপনার নাম বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা মুলে হস্তান্তর করত: চিরতরে স্বত্বত্যাগী ও দখলচ্যুত হইলাম এবং উহাতে আপনার খাস দখল দিলাম।

অদ্য হইতে আপনি উক্ত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলীকার থাকিয়া সরকারী সেরেস্তায় বা নথিতে আমার নাম খারিজ করত: এবং তদস্থানে আপনার নাম পত্তন করত: যদৃচ্ছামতে পুত্র পৌত্রাদি, ওয়ারিশান গন ওস্থলাভিষিক্তগনক্রমে ভোগ ও দখল করিতে থাকুন তাহাতে আমি অথবা আমার অপর কোন ওয়ারিশানগন কদাপি কোন ওজর আপত্তি দাবি দাওয়া করিতে পারিব না বা পারিবেক না এবং করিলেও তাহা সর্বত্র এবং সর্বব

আদালতে তাহা বাতিল ও নামঞ্জুর বলিয়া গন্য হইবেক ।

প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তিতে কোবালা দাত্রী আমার উত্তম স্বত্ব ও দখল আছে উক্ত সম্পত্তিতে অপর কোন শরিক নাই বা উহাতে কোন বর্গাদার বা লাইসেন্সী নাই । উক্ত সম্পত্তি সরকারে ভেষ্ট হয় নাই বা এ্যাকুইজিশান বা রিকুইজিশান বা কোনরূপ দায়বদ্ধ সম্পত্তি নহে । আমি ইতিপূর্বে তপশীল বর্ণিত সম্পত্তি বা তাহার কোন অংশ দান, বিক্রয়, বন্ধকাদি বা অপর কোন প্রকার কার্য্য দ্বারা কাহাকেও হস্তান্তর করি নাই । উক্ত সম্পত্তি সম্পূর্ন খোলসা ও মুক্ত অবস্থায় আমার খাস দখলে থাকাকালিন আপনাকে বিক্রয় করিয়া স্বত্বত্যাগী ও দখলচ্যুত হইলাম ।

প্রকাশ থাকে যে, অত্র দলিলের তপশীল বর্ণিত সম্পত্তি বিক্রয় সম্পর্কে কোবালা দাত্রী আমার কোন শঠতা, বঞ্চনা বা অঞ্চকতা প্রবনচনা বা ধৃষ্টতা প্রকাশ পাইলে কোবালা দাত্রী আমি দেওয়ানী ও ফৌজদারী আইন মোতাবেক আমি এবং আমার ওয়ারিশান ও স্হলাভিষিক্তগনক্রমে দন্ড গ্রহন করিতে বাধ্য রহিলাম ।

প্রকাশ থাকে যে, অত্র কোবালা দলিলে ভবিষ্যতে কোন ভুল ত্রুটি থাকা প্রকাশ পায় এবং তদনিমিত্ত বিক্রীত সম্পত্তি ভোগ দখলে যদি অত্র কোবালা গ্রহীতা আপনার এবং আপনার ওয়ারিশান ও স্হলাভিষিক্তগনের কোন বিঘ্ন

ঘটে বা স্বত্বের কোন হানি হয়, তাহা হইলে আমি অত্র কোবালা দাত্রী অত্র দলিলের ত্রুটি নির্বানার্থে বিনা পনে যাবতীয় সংশোধনী দলিল করিয়া দিতে আমি মায় আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে তাহা করিতে বাধ্য থাকিলাম ।

প্রকাশ থাকে যে, অদ্য হইতে আপনি বা আপনার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে সর্ব্বপ্রকার খাসে ভোগদখলীকার থাকিয়া দান, বিক্রয়, বন্ধকাদির দ্বারা সর্বপ্রকার হস্তান্তর কার্য্য করিতে পারিবেক তাহাতে আমার কিম্বা আমার ওয়ারিশানগনক্রমে কস্মিন কালে কোন প্রকার ওজর আপত্তি দাবি দাওয়া করিতে পারিব না বা করিবেক না, করিলেও তাহা সর্বত্র অগ্রাহ্য বলিয়া গন্য হইবেক ।

প্রকাশ থাকে যে, উক্ত সম্পত্তিতে আমার স্বত্ব খারিজ করত: সরকারী সেরেস্তায় বা নথিতে আপনার নাম পত্তন করিতে যদি কোন দরখাস্ত সহি স্বাক্ষি ও সাহায্যের প্রয়োজন বা আবশ্যক হইলে আমি অথবা আমার অপর কোন ওয়ারিশানগনক্রমে তাহা করিতে বাধ্য থাকিব বা থাকিবেক কদাপি তাহাতে কোন ওজর আপত্তি করিব না বা করিবেক না ।

প্রকাশ থাকে যে, অত্র দলিল সঙ্গীয় গ্রথিত নকসায় যে ১৬' ফুট কমন প্যাসেজ দেখান আছে উক্ত প্যাসেজের উপর ও তলদেশ দিয়া যাবতীয়কানেকশানাদি লইয়া অবাধে চলাচলের দ্বারা রাইট অব ইজমেন্ট স্বত্ব ব্যবহার করিতে পারিবেন

এবং উক্ত কমন প্যাসেজের উপর দিয়া ড্রেন অথবা আন্ডার ড্রেন, মাল পরিবহন এবং সর্বপ্রকার ব্যবহারের দ্বারা রাইট অব ইজমেন্ট সূত্রে ব্যবহার করিতে পারিবেন।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে সরল অন্ত:করনে স্থির মস্তিষ্কে এবং অন্যের বিনা প্ররোচনায় বা বিনা অনুরোধে অত্র দলিলে লিখিত বিষয় সমুহ সাক্ষীগনের উপস্থিতিতে পাঠ করত: ও উহা সম্পূর্ন রূপে যথাযথ অবগত হইয়া অত্র দলিলে নিজ নাম দস্তখত করিলাম। ইতি তাং ইংরাজী ২০০২ সালের ২৯শে জানুয়ারী, মোতাবেক সন বাংলা ১৪০৮ সালের ৭ই মাঘ।

-: তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় :-
*******************************

জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও এ্যা:ডি: সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর পরগনা-মেদনমল্ল, অত্র মালিক জমিদার পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে ২৪ পরগনা কালেকটার আলিপুর অধীন মৌজা-রামচন্দ্রপুর গ্রামে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বের একজমায় ২.১৪ শতক জমির বার্ষিক খাজনা ২২.৮৩ পয়সা জমার মধ্যে বিক্রীত ৩ তিন কাঠা ১৪ চৌদ্দ ছটাক ২৬ ছাব্বিশ বর্গফুট জমির বার্ষিক হারাহারি খাজনা ৭৫ পয়সা, উপরিস্থিত জে: এল: নং ৫৮, রে: সা: নং ১১৬, তৌজি নং ১১০, হাল খতিয়ান নং ৮৭ হইতে আগত খন্ড হাল ৯৪৭ নয়শত সাতচল্লিশ নং খতিয়ান লিপিবদধ -

হাল ৭৭৯ সাতশত উনআশী নং দাগে ডাঙ্গা ৫২ শতক জমির মধ্যে আমাদের ওয়ারিশান সূত্রে প্রাপ্ত জমির মধ্যে অত্র সহ নকসায় লাল রং দ্বারা সীমা চিহ্নিত ও পরিবেষ্ঠিত( ই ) মার্ক প্লটে ৩ তিন কাঠা ১৪ চৌদ্দ ছটাক ২৬ ছাব্বিশ বর্গফুট জমি মায় ১৬' ষোল বর্গফুট প্রশস্থ কমন প্যাসেজের সর্বপ্রকার ইজমেন্ট রাইট স্বত্বাদি সহ অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহার মূল্য ২,৩৪,৭০০,০০ দুই লক্ষ চৌত্রিশ হাজার সাতশত টাকা । অত্র দলিলের সহিত গ্রথিত নকসা দলিলের একাংশ বলিয়া গন্য হইবে ।

-: উক্ত সম্পত্তির চৌহদ্দি::-
**********************

উত্তর দিকে : দাগ নং ৭৭৩ এর 'এফ' প্লট,

দক্ষিন দিকে : দাগ নং ৭৭৯, প্লট 'ডি'

পূর্ব্ব দিকে : ১৬' ফুট চওড়া প্যাসেজ,

পশ্চিম দিকে: অপর পক্ষ দাগ নং ৬৬৬,

॥ ১৪ ॥

-:: টাকার জায় ::-
*******************

১। ১৮/১১/০১ তারিখে A/c payee cheque vide No - 327286 মূলে প্রাপ্ত — ১,৪০,০০০/-

2. অদ্য তারিখে (১১.১.2002) A/c payee cheque vide No - 122756 মূলে প্রাপ্ত — ২১,০০০/-

৩। অদ্য তারিখে নগদে প্রাপ্ত — ৬৫,০০০/-

মোট মূল্য ২,৬৪,৭০০/-
(দুই লক্ষ চৌষট্টি হাজার সাত শত মাত্র)

আলমগীর হোসেন

- ই সা দি -
*************

মুসাবিদাকারক:-
************
স্নেহাশীষ নস্কর
এ্যাডভোকেট,
আলিপুর জর্জ কোর্ট
কোলকাতা-৭০০০২৭।
-----------------
টাইপ কারক:-
**********
জগন্ময় হালদার
জগন্ময় হালদার
আলিপুর পুলিশ কোর্ট
কোলকাতা- ২৭ ॥
*****************
*****************

১। শ্রী অমরনাথ মন্ডল
গ্রাম- রামচন্দ্রপুর
পোঃ নরেন্দ্রপুর
জেলা ২৪ পরগণা

২। দেবাশীষ দে
সেন্ট্রাল মেইন রোড
ওল্ড বালীগঞ্জ,
কোলকাতা - ৬৮